DEC. 03 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৪......

যুগান্তর

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সরকারি অর্থ অবমুক্ত

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, কারিগরি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)-এর শিক্ষক/কর্মচারীদের নভেম্বর মাসের বেতন-ভাতার সরকারি অংশ সংশ্লিষ্ট ব্যাংকে অবমুক্ত হয়েছে। এসব প্রতিষ্ঠানের যেসব শিক্ষক-কর্মচারী ২০০১-২০০২ অর্থবছরে বকেয়া টাকা সঙ্গতকারণে উত্তোলন করতে পারেনি তারাও ব্যক্তিগত আবেদনের মাধ্যমে এ বকেয়া অর্থ উত্তোলন করতে পারবেন। ১২ ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানকে এ অর্থ উত্তোলনের অনুরোধ জানানো হয়েছে। এ ছাড়াও সরকারি অনুদানভুক্ত এবতেদায়ী মাদ্রাসাসমূহের শিক্ষকদের অক্টোবর-নভেম্বর মাসের বেতনের অর্থ অবমুক্ত করা হয়েছে। ওই প্রতিষ্ঠানের প্রধানরা সংশ্লিষ্ট ব্যাংকসমূহের সঙ্গে যোগাযোগ করে অর্থ উত্তোলন করতে পারবেন। যারা সঙ্গতকারণে জুলাই-সেপ্টেম্বর মাসের অর্থ উত্তোলন করতে পারেননি তারাও ওই সময়ের বকেয়া টাকা একই সঙ্গে উত্তোলন করতে পারবেন। তথ্য বিবরণী।